গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
তথ্য অধিদফতর
বাংলাদেশ সচিবালয়
ঢাকা

সংবাদ গতিধারা

জাতীয় দৈনিকসমূহে প্রকাশিত সংবাদ, সম্পাদকীয়'র সারসংক্ষেপ, গুরুত্বপূর্ণ নিবন্ধ ও ফিচারের সংক্ষিপ্তসার

সংখ্যা-৫১/২০১৯-২০২০

ঢাকা, ৮ সেপ্টেম্বর রোববার ২০১৯, ২৪ ভাদ্র ১৪২৬

আজকের দৈনিক পত্রিকাগুলো নিম্নলিখিত বিষয় প্রাধান্য দিয়ে খবর ছেপেছে

১। জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন শুরু হচ্ছে আজ
২। রাষ্ট্রপতি দেশে ফিরবেন আগামীকাল
৩। রাজাকারদের তালিকা প্রকাশ আগামী মার্চে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী
৪। উৎপাদন খরচ কমাতে কৃষিকে যান্ত্রিকীকরণ করতে হবে : কৃষিমন্ত্রী
৫। ছেলেমেয়েরা কিশোর গ্যাংয়ে যাতে সম্পৃক্ত হতে না পারে সে ব্যাপারে সজাগ থাকুন : অভিভাবকদের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী
৬। মূল্যবোধ বিকাশের মাধ্যমে উন্নত জাতি গড়তে হবে : তথ্যমন্ত্রী
৭। অনিয়ম বন্ধে শিক্ষা প্রতিষ্ঠানে নজরদারি বাড়ানো হয়েছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী
৮। সরকার শহরের মতো গ্রামেও পরিষেবা পৌঁছে দিতে চাইছে
চতুর্থ দক্ষিণ এশিয়া ইকোনমিক নেটওয়ার্ক কনফারেন্সে পরিকল্পনামন্ত্রী
৯। পর্যায়ক্রমে সব প্রাথমিক বিদ্যালয়ে এক শিফট চালু হবে : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী
১০। রোহিঙ্গা সংকট জাতিসংঘের সাধারণ অধিবেশনে বিশেষ গুরুত্ব পাবে :
জাতিসংঘের সাবেক উপ-মহাসচিব মালোক ব্রাউন
১১। জিম্বাবুয়ের সাবেক প্রেসিডেন্ট রবার্ট মুগাবের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক
১২। বিশ্ব সাক্ষরতা দিবস আজ
১৩। তাজিয়া মিছিলে থাকবে পর্যাপ্ত নিরাপত্তা : ডিএমপি কমিশনার

১। জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন শুরু হচ্ছে আজ

একাদশ জাতীয় সংসদের চতুর্থ অধিবেশন আজ ৮ সেপ্টেম্বর রোববার বিকেল ৫টায় শুরু হচ্ছে। রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ সংবিধানের ৭২ অনুচ্ছেদের (১) দফায় প্রদত্ত ক্ষমতাবলে গত ২১ আগস্ট এ অধিবেশন আহ্বান করেন। সংবিধানের ৬০ দিনের বাধ্যবাধকতার জন্য এ অধিবেশন আহ্বান করা হয়েছে। আজ বিকাল ৪টায় স্পিকার ড. শিরীন শারমিন চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠেয় সংসদ কার্যউপদেষ্টা কমিটির সভায় অধিবেশনের কার্যক্রম ও মেয়াদ নির্ধারণ করা হবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ,১৫,ক.৭), **সমকাল** (পৃ,২,ক.৫), **ডেইলি সান** (শেষ পৃ,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

২। রাষ্ট্রপতি দেশে ফিরবেন আগামীকাল

রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ ৮ সেপ্টেম্বরের পরিবর্তে আগামীকাল ৯ সেপ্টেম্বর সোমবার দেশে ফিরবেন। তিনি স্বাস্থ্য পরীক্ষা ও চোখের চিকিৎসার জন্য বর্তমানে লন্ডন অবস্থান করছেন। রাষ্ট্রপতির উপ-প্রেস সচিব আবুল কালাম আজাদ জানান, রাষ্ট্রপতির দেশে ফেরার সময় পরিবর্তন হয়েছে। এখন তিনি ৮ সেপ্টেম্বরের পরিবর্তে আগামীকাল (৯ সেপ্টেম্বর সোমবার) দেশে ফিরবেন। বিমান বাংলাদেশ এয়ারলাইন্স লিমিটেডের একটি ভিভিআইপি ফ্লাইট আগামীকাল সকালে রাষ্ট্রপতি ও তাঁর সফরসঙ্গীদের নিয়ে দেশে ফিরবে। উল্লেখ্য গত ৩১ আগস্ট শনিবার স্বাস্থ্য পরীক্ষার জন্য লন্ডনের উদ্দেশে তিনি ঢাকা ত্যাগ করেন। সূত্র-**জনকণ্ঠ** (পৃ.৩,ক.৬), **বণিক বার্তা** (পৃ,২,ক.৩), **নিউজ টুডে** (পৃ.৩,ক.৫), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

৩। রাজাকারদের তালিকা প্রকাশ আগামী মার্চে : মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী

মুক্তিযুদ্ধবিষয়ক মন্ত্রী আ ক ম মোজাম্মেল হক বলেছেন, আগামী মার্চের মধ্যে রাজাকারদের প্রাথমিক তালিকা প্রকাশ করা হবে। আগামী সংসদ অধিবেশনে এ বিষয়ে আলোচনা হবে। একদিনের ভারত সফর শেষে গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) আখাউড়া সীমান্ত দিয়ে দেশে ফিরে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এ কথা বলেন। ৭১ সালে মুক্তিযুদ্ধের সময় ভারতের ত্রিপুরায় অবস্থানের স্মৃতিচারণ করে মন্ত্রী বলেন, মুক্তিযুদ্ধে ত্রিপুরায় মোট চারটি সেক্টর ছিল। আমি ত্রিপুরার পদ্মা ক্যাম্পের ডেপুটি চিফ ছিলাম। সে স্মৃতি কখনও ভোলার নয়। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.১), জনকণ্ঠ (পৃ,১,ক.৫), **নিউ এজ** (পৃ.২,ক.৪), **ফিনানশিয়াল এক্সপ্রেস** (পৃ.৩,ক.৫)।

৪। উৎপাদন খরচ কমাতে কৃষিকে যান্ত্রিকীকরণ করতে হবে : কৃষিমন্ত্রী

কৃষিমন্ত্রী ড. আবদুর রাজ্জাক বলেন, নতুন নতুন কৃষি প্রযুক্তি ব্যবহার করে কৃষি উৎপাদন খরচ কমাতে কৃষিকে যান্ত্রিকীকরণ করতে হবে। আমরা খাদ্যে স্বয়ংসম্পূর্ণতা অর্জন করেছি। একসময় বাংলাদেশ ছিল খাদ্য ঘাটতির দেশ। এখন আমাদের দেশ মধ্যম আয়ের দেশে পরিণত হয়েছে। এখন আমাদের লক্ষ্য নিরাপদ ও পুষ্টিমানসমৃদ্ধ খাদ্য নিশ্চিত করা। এছাড়া আধুনিক কৃষি ও বাণিজ্যিক কৃষির জন্য কাজ করে যাচ্ছে সরকার। কৃষিকে লাভজনক করতে হলে কৃষিপণ্য রপ্তানির কোনো বিকল্প নেই। প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে বাংলাদেশ আজ উন্নয়নের মহাসড়কে। কৃষকরা যাতে তাদের উৎপাদিত কৃষিপণ্য যথাসময়ে বাজারে বিক্রি করতে পারে তার জন্য এলাকার সকল রাস্তাঘাট পাকা করা হচ্ছে। কৃষিমন্ত্রী গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) টাঙ্গাইলের মধুপুর উপজেলা স্বাস্থ্য কমপ্লেক্সকে ৫০ শয্যা থেকে ১০০ শয্যায় উন্নীত করার উদ্বোধন অনুষ্ঠানে প্রধান অতিথির বক্তব্যে এসব কথা বলেন। সূত্র : **সংবাদ** (শেষ পৃ.,ক.১), **জনকণ্ঠ** (পৃ,১,ক.৮)।

৫। ছেলেমেয়েরা কিশোর গ্যাংয়ে যাতে সম্পৃক্ত হতে না পারে সে ব্যাপারে সজাগ থাকুন : অভিভাবকদের প্রতি স্বরাষ্ট্রমন্ত্রী

স্বরাষ্ট্রমন্ত্রী আসাদুজ্জামান খাঁন কামাল বলেছেন, কিশোর গ্যাংয়ের বিষয়ে আমাদের নিরাপত্তা বাহিনী যথেষ্ট সজাগ। অভিভাবকদের অনুরোধ করব, আপনাদের ছেলেমেয়েরা কে কী করছে লক্ষ করুন। কিশোর গ্যাংয়ে যাতে কেউ সম্পৃক্ত হতে না পারে, সে ব্যাপারে সজাগ থাকুন। গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর মিরপুরে পুলিশ স্টাফ কলেজের কনভেনশন হলে 'মাদক-সন্ত্রাস, শিশু নির্যাতন, ইভ টিজিং ও সেলফোন-ইন্টারনেটের অপব্যবহার প্রতিরোধে করণীয়' শীর্ষক আলোচনাসভায় তিনি এসব কথা বলেন। সূত্র : **ইত্তেফাক** (শেষ পৃ.ক.৮), **জনকণ্ঠ** (পৃ,১,ক.২), **ডেইলি সান** (পৃ.৩,ক.৬), **বাংলাদেশ টুডে** (পৃ.১,ক.১)।

৬। **মূল্যবোধ বিকাশের মাধ্যমে উন্নত জাতি গড়তে হবে : তথ্যমন্ত্রী**

তথ্যমন্ত্রী ড. হাছান মাহ্মুদ আত্মকেন্দ্রিক না হয়ে নিজেদের সুপ্ত প্রতিভা বিকাশের পাশাপাশি দেশপ্রেম ও মূল্যবোধ বিকাশের মাধ্যমে উন্নত জাতি গড়ার জন্য সবার প্রতি আহ্বান জানিয়েছেন। গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর একটি হোটেলে তিনি বলেন, বাংলাদেশ উন্নয়নের মহাসড়কে রয়েছে। আমরা সারাদেশে অবকাঠামো উন্নয়ন করছি। আমরা এমন একটি উন্নত দেশ চাই, যেখানে দেশপ্রেম ও মূল্যবোধ থাকবে। সূত্র-**সমকাল** (পৃ.৩,ক.৮), **সংবাদ** (পৃ,৪,ক.১), **ডেইলি সান** (পৃ.২,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.১)।

৭। **অনিয়ম বন্ধে শিক্ষা প্রতিষ্ঠানে নজরদারি বাড়ানো হয়েছে : চাঁদপুরে শিক্ষামন্ত্রী**

অনিয়ম বন্ধে শিক্ষা মন্ত্রণালয় থেকে মাধ্যমিক ও উচ্চশিক্ষা অধিদপ্তর, মাদ্রাসা ও কারিগরি শিক্ষা অধিদপ্তরের মাঠ পর্যায় পর্যন্ত প্রতিষ্ঠানগুলোর ওপর নজরদারি ও মনিটরিং বাড়ানো হয়েছে বলে জানিয়েছেন শিক্ষামন্ত্রী ডা. দীপু মনি। তিনি বলেছেন, এখন আমরা অনলাইনের মাধ্যমেও প্রতিষ্ঠানগুলোতে মনিটরিংয়ের চিন্তাভাবনা করছি। শীঘ্রই এ ব্যবস্থা করতে পারব, যাতে বিভিন্ন সময় অনিয়মের যেসব কথা শুনি, সেগুলো যেন বন্ধ হয়। যদি খুব ভালো মনিটর করা যায়, তাহলে এ ধরনের ঘটনা বন্ধ করতে পারব বলে আশা করি। আমরা সে লক্ষ্যেই কাজ করছি। এছাড়াও শিশুদের মূল্যবোধ সৃষ্টিতে আলাদাভাবে গুরুত্ব দেওয়া হচ্ছে বলেও মন্ত্রী জানান। গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) চাঁদপুরের হাইমচরে একটি উচ্চ বিদ্যালয়ে গ্রীষ্মকালীন খেলাধুলা প্রতিযোগিতার উদ্বোধন অনুষ্ঠান শেষে সাংবাদিকদের প্রশ্নের জবাবে তিনি এসব কথা বলেন। সূত্র-**সমকাল** (পৃ.১৫,ক.৮), **সংবাদ** (শেষ পৃ,,ক.৫), **নিউ নেশন** বিজনেস পাতা (পৃ.১৩,ক.২), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৫)।

৮। **সরকার শহরের মতো গ্রামেও পরিষেবা পৌঁছে দিতে চাইছে**
চতুর্থ দক্ষিণ এশিয়া ইকোনমিক নেটওয়ার্ক কনফারেন্সে পরিকল্পনামন্ত্রী

শহরের মতো গ্রামীণ সেবার ক্ষেত্রেও সরকার গুরুত্ব দিচ্ছে। প্রত্যন্ত অঞ্চলেও সব ধরনের সুবিধা দেয়ার কাজ চলছে। বিদ্যুৎ, স্যানিটেশন, নিরাপদ পানিসহ প্রয়োজনীয় সব সুবিধা গ্রামে পৌঁছানোই সরকারের বড় সাফল্য বলে মনে করেন পরিকল্পনামন্ত্রী এম এ মান্নান। এরই ধারাবাহিকতায় শহরের সকল সুবিধা গ্রামে নিয়ে যাওয়া হবে। বর্তমান সরকার শহরের পাশাপাশি গ্রামেও পরিষেবা পৌঁছে দিতে কাজ করে যাচ্ছে। এ বিষয়ে সরকার আন্তরিক বলেও জানান তিনি। শহরের মতো গ্রামে জীবনযাত্রার মান উন্নয়নে সবার সহযোগিতাও কামনা করেন তিনি। গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) মহাখালীতে ব্র্যাক ইন সেন্টারে 'সাবন্যাশনাল ফাইন্যান্স এ্যান্ড লোকাল সার্ভিস ডেলিভারি' শীর্ষক চতুর্থ দক্ষিণ এশিয়া ইকোনমিক নেটওয়ার্ক কনফারেন্সে মন্ত্রী এসব কথা বলেন। সূত্র-**জনকণ্ঠ** (শেষ পৃ,ক.৭), **সংবাদ** (পৃ.১৪,ক.৫), **অবজারভার** বিজনেস পাতা (পৃ.১৩,ক.১), **বাংলাদেশ টুডে** (পৃ.৩,ক.৩)।

৯। **পর্যায়ক্রমে সব প্রাথমিক বিদ্যালয়ে এক শিফট চালু হবে : প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী**

পর্যায়ক্রমে দেশের সব প্রাথমিক বিদ্যালয়ে এক শিফট প্রথা চালু করা হবে বলে জানিয়েছেন প্রাথমিক ও গণশিক্ষা প্রতিমন্ত্রী মো. জাকির হোসেন। গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) মানসম্মত প্রাথমিক শিক্ষা নিশ্চিতকরণে পরীক্ষামূলকভাবে দেশের চারটি মডেল প্রাথমিক বিদ্যালয়ে এক শিফটের কর্মসূচির উদ্বোধন করা হয়েছে। গতকাল কুড়িগ্রাম সদর উপজেলার ১ নং সরকারি প্রাথমিক বিদ্যালয় মাঠে এক শিফটের বিদ্যালয় চালু কর্মসূচির উদ্বোধনকালে তিনি এ কথা জানান। সূত্র-**বণিক বার্তা** (পৃ.১৩,ক.৫), **যুগান্তর** (পৃ,১৫,ক.৫), **নিউ এজ** (পৃ.২,ক.২)।

১০। **রোহিঙ্গা সংকট জাতিসংঘের সাধারণ অধিবেশনে বিশেষ গুরুত্ব পাবে :**
জাতিসংঘের সাবেক উপ-মহাসচিব মালোক ব্রাউন

জাতিসংঘের সাবেক উপ-মহাসচিব লর্ড জর্জ মার্ক মালোক ব্রাউন বলেছেন, শরণার্থী সংকট বিশ্ব জুড়েই আছে। তবে এ মুহূর্তে রোহিঙ্গা সংকট বাংলাদেশের জন্য বড় বোঝা। বিষয়টি জাতিসংঘের আসন্ন সাধারণ অধিবেশনে গুরুত্ব পাবে বলে আশা করি। গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) ঢাকায় আয়োজিত এক সেমিনারে তিনি এসব কথা বলেন। কসমস ফাউণ্ডেশন আয়োজিত 'বাংলাদেশের জন্য জাতিসংঘের প্রয়োজনীয়তা : অংশদারিত্বের পরিভাষণ' শিরোনামের সেমিনারে তিনি আরো বলেন, বাংলাদেশের উন্নয়ন অগ্রগতিতেও জাতিসংঘ প্রশংসনীয় ভূমিকা রেখেছে। তিনি আশা করেন, রোহিঙ্গা সংকটের চ্যালেঞ্জ মোকাবিলায় জাতিসংঘ আরো সক্রিয় ভূমিকা রাখবে। সূত্র : **ইত্তেফাক** (পৃ.২,ক.১)।

১১। জিম্বাবুয়ের সাবেক প্রেসিডেন্ট রবার্ট মুগাবের মৃত্যুতে প্রধানমন্ত্রীর শোক

প্রধানমন্ত্রী শেখ হাসিনা জিম্বাবুয়ের সাবেক প্রেসিডেন্ট রবার্ট গাব্রিয়েল মুগাবের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন। প্রধানমন্ত্রী গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) জিম্বাবুয়ের প্রেসিডেন্ট ইমারসন ড্যাম্বুজো মেনানগাওয়ার কাছে পাঠানো এক শোকবার্তায় বলেন, আমরা সাবেক প্রেসিডেন্ট রবার্ট গাব্রিয়েল মুগাবের অবদানের কথা গভীরভাবে স্মরণ করছি। প্রধানমন্ত্রী শেখ হাসিনা আরো বলেন, জিম্বাবুয়েকে উপনিবেশিক, সাম্রাজ্যবাদী ও সংখ্যালঘু শ্বেতাঙ্গ শাসন থেকে মুক্ত করতে রবার্ট মুগাবের সংগ্রামের কথা স্মরণীয় হয়ে থাকবে। আমরা তাঁর বিদেহী আত্মার শান্তির জন্য প্রার্থনা করছি এবং প্রয়াতের শোকসন্তপ্ত পরিবার ও জিম্বাবুয়ের বন্ধুপ্রতিম জনগণের প্রতি গভীর সমবেদনা জানাচ্ছি। সূত্র : **সংবাদ** (পৃ.২,ক.১)।

১২। বিশ্ব সাক্ষরতা দিবস আজ

আজ (৮ সেপ্টেম্বর রোববার) বিশ্ব সাক্ষরতা দিবস। সারাবিশ্বের মতো বাংলাদেশেও যথাযোগ্যভাবে দিবসটি পালন করা হবে। ইউনেস্কো এ দিবসের প্রতিপাদ্য 'বহুভাষায় সাক্ষরতা, উন্নত জীবনের নিশ্চয়তা' নির্ধারণ করেছে। দিবসটি উপলক্ষে রাষ্ট্রপতি মোঃ আবদুল হামিদ এবং প্রধানমন্ত্রী শেখ হাসিনা পৃথক বাণী দিয়েছেন। সূত্র : **ইত্তেফাক** (পৃ,২,ক.৮), **সমকাল** (পৃ,১৫,ক.১), **ডেইলি সান** (পৃ.৩,ক.২), **বাংলাদেশ টুডে** (শেষ পৃ,ক.৫)।

১৩। তাজিয়া মিছিলে থাকবে পর্যাপ্ত নিরাপত্তা : ডিএমপি কমিশনার

পবিত্র আশুরা উপলক্ষে শিয়া সম্প্রদায়ের তাজিয়া শোক মিছিল ও অন্য অনুষ্ঠানকে ঘিরে ডিএমপির পক্ষ থেকে নেয়া হয়েছে নিশ্ছিদ্র নিরাপত্তা ব্যবস্থা। গতকাল (৭ সেপ্টেম্বর শনিবার) রাজধানীর হোসেনী দালান ইমামবাড়াকেন্দ্রিক নিরাপত্তা ব্যবস্থা পরিদর্শন শেষে ডিএমপি কমিশনার মো. আছাদুজ্জামান মিয়া এ তথ্য জানান। আশুরা ও তাজিয়া শোক মিছিলের নিরাপত্তা সম্পর্কে ডিএমপি কমিশনার বলেন, তাজিয়া শোক মিছিল উপলক্ষে রাজধানীর বড় কাটরা ইমামবাড়া এবং বিবিকা রওজায় নেয়া হয়েছে পর্যাপ্ত নিরাপত্তা ব্যবস্থা। প্রতিবারের মতো এবারও শান্তিপূর্ণভাবে ১০ মহররমে বড় তাজিয়া শোক মিছিল হবে। প্রতিটি ইমামবাড়া সিসি ক্যামেরার আওতায় আনা হয়েছে। আর্চওয়ে ও মেটাল ডিটেক্টর দিয়ে প্রত্যেক দর্শনার্থীর দেহ তল্লাশি করে অনুষ্ঠানস্থলে প্রবেশ করানো হবে। সূত্র : **সংবাদ** (পৃ.১,ক.৮), **সমকাল** (পৃ,৭,ক.১)।

সম্পাদকীয়

ক. **ইত্তেফাক :** শেয়ারবাজারের অব্যাহত পতনে বিনিয়োগকারীরা অনেকেই শেয়ার বাজারে থাকতে চান না উল্লেখ করে শেয়ারবাজার বিনিয়োগবান্ধব করার ওপর গুরুত্বারোপ।

খ. **যুগান্তর :** ফরিদপুর মেডিকেল কলেজ হাসপাতালের সরঞ্জামাদি ক্রয় করার ক্ষেত্রে অনিয়ম-দুর্নীতির অভিযোগ পাওয়া গেছে উল্লেখ করে এ ব্যাপারে সুষ্ঠু তদন্তের সুপারিশ।

গ. **যায়যায়দিন :** রাজধানীতে কিশোর গ্যাং কালচার ভয়ংকর আকার ধারন করেছে উল্লেখ করে এ ব্যাপারে সচেতনতা তৈরি ও সতকর্তা অবলম্বনই পারে কিশোরদের পরিবারের তথা দেশের সম্পদে পরিণত করতে বলে মতপ্রকাশ।

ঘ. **ভোরের কাগজ :** সারাদেশে ঝুঁকি নিয়ে চলছে রেল উল্লেখ করে রেলের উন্নয়নে নেয়া মহাপরিকল্পনাগুলো দ্রুত বাস্তবায়ন করায় প্রত্যাশা ব্যক্ত।

ঙ. **সমকাল :** ভিসার মেয়াদ শেষ হয়ে যাওয়া সত্ত্বেও ১৫ হাজারের বেশি বিদেশি নাগরিক বছরের পর বছর বাংলাদেশে অবস্থান করছে এক প্রতিবেদনে তা প্রকাশিত হওয়ায় উদ্বেগ প্রকাশ করে দেশের নিরাপত্তার স্বার্থে এ ব্যাপারে যথাযথভাবে নজরদারির সুপারিশ।

চ. **সংবাদ :** রোহিঙ্গাদের কাছ থেকে আবারও বাংলাদেশি পাসপোর্ট পাওয়া গেছে উল্লেখ করে স্থানীয় বাসিন্দা ও রোহিঙ্গা দালালদের সমন্বয়ে গঠিত যে সিন্ডিকেটের সহায়তায় তারা পাসপোর্ট পেয়েছে তাদের বিরুদ্ধে দ্রুত কঠোর ব্যবস্থা নেওয়ার সুপারিশ।

ছ. **অবজারভার :** কক্সবাজার, ঠাকুরগাঁও এবং ফরিদপুর- এ তিন জেলায় সরকার তিনটি বিজ্ঞান ও প্রযুক্তিভিত্তিক পাবলিক বিশ্ববিদ্যালয় স্থাপনের সিদ্ধান্ত নিয়েছে।

জ. **বাংলাদেশ টুডে :** মাদকের বিরুদ্ধে সর্বাত্মক প্রতিরোধ গড়ে তোলার আহ্বান।

নিবন্ধ ও ফিচার

ইত্তেফাক পত্রিকায় প্রকাশিত **'আবর্জনা অর্থনীতি'** শিরোনামের নিবন্ধে বলা হয়েছে, বর্জ্যের সুষ্ঠু ব্যবস্থাপনা একাধারে যেমন পরিবেশকে সুন্দর রাখতে পারে, তেমনি বর্জ্যকে বিকল্প জ্বালানি হিসেবে রূপান্তরিত করলে অর্থনীতির চাকাকেও সচল করতে পারে।

#

ডালিয়া/সাঈদা/রশীদ/মাসুম/২০১৯/৯.০০ঘন্টা